

দেশ গড়তে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে ভূমিকা রাখতে হবে

— শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণ ও ডিজিটাল বাংলাদেশ গড়তে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে অধিকতর কার্যকর ভূমিকা পালন করতে হবে। ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির মাদানি এভিনিউয়ে স্থায়ী ক্যাম্পাসে শনিবার ৫ম সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে তিনি একথা বলেন। বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রস্ট্রপতি মোঃ আবদুল হামিদের পক্ষে তার প্রতিনিধি হিসেবে মন্ত্রী সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। এতে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান এবং বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের সচিব ড. আহমদ কায়কাউস।

শিক্ষামন্ত্রী বলেন, সমকালীন বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে শিক্ষার্থীদের আধুনিক জ্ঞানবিজ্ঞান ও প্রযুক্তিনির্ভর শিক্ষায় শিক্ষিত হতে হবে। সমাবর্তন অনুষ্ঠানে ৯৬২ শিক্ষার্থীকে গ্র্যাজুয়েশন ও পোস্টগ্র্যাজুয়েশন ডিগ্রি এবং কৃতিত্বপূর্ণ ফলের জন্য চারজনকে স্বর্ণপদক দেয়া হয়। এতে আরও বক্তব্য দেন ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা। সংবাদ বিজ্ঞপ্তি



ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির স্থায়ী ক্যাম্পাসে শনিবার পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানে এক শিক্ষার্থীকে স্বর্ণপদক পরিবেশন করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ